

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩৫৫

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মৃত্যের জন্য মাতম করে কাঁদা, গাল চাপড়ানো, বুকের কাপড় ছিঁড়া, চুল ছেঁড়া, মাথা নেড়া করা ও সর্বনাশ ও ধ্বংস ডাকা নিষিদ্ধ

আরবী

وَعَنْ أَبِي مُوسَى أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ قَالَمَا مِنْ مَيِّت يَمُوْتُ فَيَقُوْمُ بَاكِيهِمْ فَيَقُولُ: وَاجَبَلاَهُ، وَاسَيِّدَاهُ أَو نَحْوَ ذَلِكَ إِلاَّ وُكِّلَ بِهِ مَلَكَانِ يَلْهَزَانِهِ: أَهَكَذَا كُنْتَ ؟ رواه الترمذي، وقال حديث حسن

বাংলা

(১৩৫৫) আবৃ মূসা আশআরী (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখনই কোন মৃত্যুগামী ব্যক্তি মৃত্যু বরণ করে। আর তার পাশে দাঁড়িয়ে রোদনকারিণী রোদন করে এবং বলে, ও আমার পাহাড় গো! ও আমার সর্দার গো! অথবা অনুরূপ আরো কিছু বলে, তখনই সেই মৃতের জন্য দু'জন ফিরিশতা নিযুক্ত করা হয়, যাঁরা তার বুকে ঘৃষি মেরে বলতে থাকেন, তুই কি ঐ রকম ছিলি নাকি?

ফুটনোট

(তিরমিযী ১০০৩, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন